বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে বিশ্ব এইডস দিবস পালিত

গণমাধ্যমের প্রসংশনীয় ভূমিকার কারণে দেশে এইডস ছড়িয়ে পড়েনি: উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান

এইচআইভি আক্রান্ত ৪৯ জন গর্ভবতী মা সুস্থ সন্তান প্রসব করেছেন

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান বলেছেন, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া, অনলাইন পত্রিকা ও সংবাদ সংস্থাসহ গণমাধ্যমের প্রশংসনীয় ভূমিকার কারণেই বাংলাদেশে ঝুঁকি থাকা সত্ত্বেও এইচআইভি/এইডস ছড়িয়ে পড়েনি। গণমাধ্যমের অবদানের কারণেই এইচআইভি সম্পর্কে দেশের মানুষ সচেতন হয়েছেন। তবে গণমাধ্যমের এই ভূমিকা অব্যাহত রাখতে হবে, যাতে করে ভবিষ্যতে প্রাণঘাতী এই রোগটি ছড়িয়ে না পড়ে। আজ রবিবার ৩ ডিসেম্বর ২০১৭, সকাল ৯টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের এ ও বি ব্লকের মধ্যবর্তীস্থল বটতলায় “এইচআইভি সেবা শক্তিশালীকরণ প্রকল্প”-এর উদ্যোগে বিশ্ব এইডস দিবস উপলক্ষে আয়োজিত বর্ণাঢ্য র‍্যালি পূর্ব সমাবেশে তিনি এ কথা বলেন। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, মেডিসিন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. আবদুর রহিম, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাল আল হারুন, অবস এন্ড গাইনী বিভাগের অধ্যাপক ডা. সালেহা বেগম চৌধুরী, অতিরিক্ত পরিচালক (হাসপাতাল) ডা. নাজমুল করিম মানিক, উপ-সেবা তত্ত্বাবধায়ক খালেদা আক্তার প্রমুখ উপস্থিত ছিলেন।

র‍্যালিপূর্ণ সমাবেশে জানানো হয়, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় বাংলাদেশে চিকিৎসা ক্ষেত্রে প্রথম ও প্রধান পোস্ট গ্রাজুয়েট বিশ্ববিদ্যালয় যেখান থেকে বিভিন্ন বিভাগের মাধ্যমে রোগীদের কম্প্রিহেনসিভ স্বাস্থ্য সেবা নিশ্চিত করা হয়। ১৯৮৯ সালে অত্র বিশ্ববিদ্যালয়ের ভাইরোলজি বিভাগে বাংলাদেশে প্রথম এইচআইভি সনাক্ত করা হয় এবং তা অব্যাহত আছে। ২০১৩ সালের আগ পর্যন্ত সরকারী স্বাস্থ্য সেবা কেন্দ্রে এইচআইভি ভাইরাসে আক্রান্ত গর্ভবতী মায়েদের যথাযথ চিকিৎসার ব্যবস্থা ছিল না। বাংলাদেশে সরকারী পর্যায়ে প্রথমবারের মতো গত ১৬ মে ২০১৩ থেকে এইচআইভি আক্রান্ত গর্ভবতী মায়েদের সেবা প্রদান অবস এন্ড গাইনী বিভাগের মাধ্যমে এই বিশ্ববিদ্যালয় শুরু করেছে এবং এ সেবা অব্যাহতভাবে চলছে। এই সেবার অধীনে এই পর্যন্ত এইচআইভি আক্রান্ত মোট ৪৯ জন গর্ভবতী মা সুস্থ সন্তান প্রসব করেছেন। দেশে নতুন ৪৯টি সংক্রমণ প্রতিরোধ করতে সক্ষম হয়েছে। এরই ধারাবাহিকতায় এইচআইভিতে আক্রান্ত সকল রোগীদের জন্য অত্র বিশ্ববিদ্যালয় তার সেবার পরিধি বৃদ্ধি করেছে, যা “Strengthening of HIV services” (স্ট্রেনদেনিং অফ এইচআইভি সার্ভিসেস) নামে চলতি বছরে শুরু হয়েছে। অত্র বিশ্ববিদ্যালয়ে এই সেবামূলক কার্যক্রমটি জাতীয় এইডস এবং STD প্রোগ্রাম ও ইউনিসেফের সহযোগিতায় পরিচালিত হচ্ছে। বাংলাদেশ সরকারের নতুন সিদ্ধান্ত অনুযায়ী অত্র বিশ্ববিদ্যালয়ে চলতি বছরের অক্টোবর মাস থেকে এইচআইভি আক্রান্ত ব্যক্তিদের মধ্যে বিনামূল্যে এআরভি প্রদান ও সকল রোগের চিকিৎসা সেবার পথ উন্মুক্ত হয়েছে। অত্র বিশ্ববিদ্যালয় হতে সর্বোচ্চ সংখ্যক রোগী এআরভি নিচ্ছেন। গত ২৫ নভেম্বর পর্যন্ত ৬৪৭ জন রোগী এআরভি নিয়েছেন। তাদের সকল পরীক্ষা ও চিকিৎসা নিশ্চিত করা হচ্ছে এবং এই সেবাও অব্যাহত থাকবে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় বাংলাদেশ সরকারের সাথে ২০১৭ সালের স্লোগান “স্বাস্থ্য আমার অধিকার”-এর সাথে একাত্মতা ঘোষণা করে এইচআইভি আক্রান্ত রোগীদের স্বাস্থ্য সেবার বিভিন্ন দিক উন্মোচন করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

ডায়াগনোস্টিক মাসকিউলোস্কেলিটাল আল্ট্রাসাউন্ডের ৩য় আন্তর্জাতিক সেমিনার ও কর্মশালার উদ্বোধন

আজ রবিবার ৩ ডিসেম্বর ২০১৭, সকাল ১০টা ৩০ মিনিটে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের শহীদ ডা. মিলন হলে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের রিউমাটোলজি বিভাগ ও বাংলাদেশ রিউমাটোলজি সোসাইটির যৌথ উদ্যোগে আয়োজিত ডায়াগনোস্টিক মাসকিউলোস্কেলিটাল আল্ট্রাসাউন্ডের ৩য় আন্তর্জাতিক সেমিনার ও কর্মশালার প্রধান অতিথি হিসেবে শুভ উদ্বোধন করেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের রিউমাটোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মিনহাজ রহিম চৌধুরী ও বাংলাদেশ রিউমাটোলজি সোসাইটির সভপতি অধ্যাপক ডা. এম এ জলিল চৌধুরীর যৌথ সভাপতিত্বে সেমিনারে এ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, ইউরোপ থেকে আগত ৪ জন বিখ্যাত রিউমাটোলজিস্ট জার্মানীর অধ্যাপক ওলফ গ্যাঙ স্মিথ, নেদারল্যান্ডের অধ্যাপক জর্জ ব্রুইন, স্পেনের অধ্যাপক ইনগ্রিড মোলের, আয়ারল্যান্ডের অধ্যাপক জুনাইদ করিম, মাসকিউলোস্কেলেটাল সনোলজিস্ট ডা. এ কে এম জহীর আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন।

বিশ্ব প্রতিবন্ধী দিবস উপলক্ষে র‌্যালি ও সেমিনার অনুষ্ঠিত

আজ রবিবার ৩ ডিসেম্বর ২০১৭, সকাল ৯টা ৩০ মিনিটে বিশ্ব প্রতিবন্ধী দিবস উপলক্ষে এ বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস থেকে একটি বর্ণাঢ্য র‌্যালি বের হয়। র‌্যালিটির শুভ উদ্বোধন করেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। পরে এ বিশ্ববিদ্যালয়ের ডা. মিল্টন হলে ফিজিক্যাল মেডিসিন এন্ড রিহ্যাবিলিটেশন মেডিসিন বিভাগের উদ্যোগে একটি গুরুত্বপূর্ণ সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে সভাপতিত্ব করেন ফিজিক্যাল মেডিসিন এন্ড রিহ্যাবিলিটেশন মেডিসিন বিভাগের অধ্যাপক ডা. শামসুন নাহার। আরো উপস্থিত ছিলেন এ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, ফিজিক্যাল মেডিসিন এন্ড রিহ্যাবিলিটেশন মেডিসিন বিভাগের অধ্যাপক ডা. মোঃ মঈনুজ্জামান, অধ্যাপক ডা. মোঃ একেএম সালেক, অধ্যাপক ডা. মোঃ মনিরুজ্জামান খান, অধ্যাপক ডা. এম এ শাকুর, সহযোগী অধ্যাপক ডা. মোঃ আলী ইমরান প্রমুখ। দিবসটি উপলক্ষে ফিজিক্যাল মেডিসিন এন্ড রিহ্যাবিলিটেশন মেডিসিন বিভাগের পক্ষ থেকে ২ জন প্রতিবন্ধিতার শিকার রোগীকে ২টি হুইল চেয়ার প্রদান করেন মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান।